মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ISO 9001:2015 Certified
০৮৬২৬-৭১৪৫০ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০২.০০৮.২৫. ২১৭৭

তারিখঃ ০১ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

" নিয়োগ বিজ্ঞপ্তি "

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকা বেতন পরিধিতে পবিস নির্দেশিকা/ সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০১। **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২(বায়ান্ন) বছর **(০৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে)**। সর্বোচ্চ বারো বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০২। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার(চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/ ০৬(ছয়) বছর/ ০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৩। **শিক্ষাগত যোগ্যতাঃ** প্রার্থীকে ন্যুনতম অষ্টম শ্রেণী অথবা এস এস সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ০৪। **অন্যান্য যোগ্যতাঃ** ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। দৃষ্টিশক্তি ত্রুটিমুক্ত (মিটার রিডিং গ্রহণে সক্ষম) হতে হবে। খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। গ) প্রার্থীর পাটিগণিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পূরণ ও জমাদানঃ**
মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট **(pbs.moulvibazar.gov.bd)** হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী **০৪/০২/২০২৫ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত বা হাতে হাতে বা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**
(ক) স্বহস্তে লিখিত ডাউনলোডকৃত আবেদন ফরম।
(খ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি।
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং উক্ত সনদে সর্বশেষ বেতন উল্লেখ থাকতে হবে।
(ছ) একাধিক পবিস-এ চাকুরী সম্পন্ন প্রার্থীগণকে অবশ্যই একাধিক পবিস এর চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে ০৩(তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই)টি কর্মদিবস বিরতি দিয়ে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। একই ভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় ও ৪র্থ চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ১২(বারো) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

০৪ প্রার্থীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে ইতিপূর্বে কর্মরত পবিস এর মোট চাকুরীকাল এবং বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫, তারিখ-১২/১১/২০১৮ খ্রিঃ এবং সর্বশেষ পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর নির্দেশনা অনুসরণ করা হবে। সর্বশেষ যে পবিস এর চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে, সেই পবিস এর প্রদত্ত এলপিসি (Last Pay Certificate) অনুযায়ী নির্ধারিত মূলবেতন অথবা পবিস বেতন কাঠামো' ২০১৬ অনুযায়ী বেতন গ্রেড-১ এর প্রারম্ভিক ধাপে বেতন, যাহা বেশী, তাহা নির্ধারণ করা হবে এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে। এক্ষেত্রে বাপবিবোর্ড কর্তৃক জারিকৃত হালনাগাদ সার্কুলার অনুসরণ করা হবে।

০৫ **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে **১০,০০০.০০ (দশ হাজার) টাকা** নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(খ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্মতারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসতে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত কোন পদে দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।

(গ) ইতোপূর্বে অত্র পবিস-এ যে কোন পদে চাকুরী করে থাকলে অথবা বর্তমানে কর্মরত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ঘ) অত্র সমিতির কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা এলাকা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) অত্র সমিতিতে কোনো নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(ঙ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(চ) দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। প্রতারণামূলকভাবে দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

(ছ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(জ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনক ভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসেবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩(তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঝ) বাপবিবোর্ডের সর্বশেষ জারীকৃত সার্কুলার/নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

(ঞ) নিয়োগপ্রাপ্ত চুক্তিভিত্তিক মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য বলবৎ থাকবে, যা কোন ক্রমেই নিয়মিত হবে না।

(ট) খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত।

(ড) মৌলভীবাজার জেলায় স্থায়ীভাবে বসবাসরত কোন মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর আবেদন করার প্রয়োজন নাই।

১৩/১১/২৪

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..পবিস ১/২/৩/৪।

০৪। ডিজিএম, কমলগঞ্জ/রাজনগর/সদর দপ্তর-কারিগরি/মৌলভীবাজার/বড়লেখা জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।

০৫। এজিএম(সদস্য সেবা/প্রশাসন/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি/এইচআর/ওএন্ডএম), মৌলভীবাজার পবিস (এজিএম(আইটি) বিজ্ঞপ্তিটি অত্র পবিস এর ওয়েব সাইটে ও ফেসবুক পেইজে প্রকাশের ব্যবস্থা নিবেন)।

০৬। এজিএম(ওএন্ডএম), কুলাউড়া/সিন্দুরখাঁন সাব জোনাল অফিস, মৌলভীবাজার পবিস।

০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, মৌলভীবাজার পবিস।

০৮। অফিস ফাইল/মাস্টার ফাইল।

১৩/১১/২৪

(এ.বি.এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

ফরম নং: পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ-২৭/০৪/২০১৪ খ্রিঃ

ISO 9001:2015 Certified

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)
পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থানে প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং - ০১ ....

৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

....

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

....

৫. প্রকাশনার তারিখ

....

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭.জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

....

৮. মাতার নাম

............/........../........... (দিন/মাস/বছর)

৯. বয়স (০৪/০২/২০২৫ খ্রিঃ তারিখে)

....

১০. পিতার নাম

....

১১. ধর্ম

....

১২. জাতীয়তা

....

১৩. নিজ জেলা

....

১৪. টেলিফোন/মোবাইল নম্বর

১৫. বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত
(টিক (√) দিন)

১৬. স্থায়ী ঠিকানাঃ

....

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৭. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

....

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	

১৯. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

পবিস এর নাম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ	চাকুরী পরিত্যাগের কারণ	চাকুরীকাল (বছর)

২০. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

....

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ-চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।